

তাম্বীরুল মিল্লাত কামিল মাদ্রাসা, ঢাকা

অর্ধ বার্ষিক অনলাইন পরীক্ষা-২০২০

শ্রেণি : নবম

বিষয় : বাংলা ২য় পত্র

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান : ৭০

১। অনুচ্ছেদ রচনা কর: ১০

ক) রোযার শিক্ষা

অথবা, খ) মোবাইল ফোনের অপব্যবহার

২। ক) গ্রামকে নিরক্ষরতার অভিশাপ থেকে মুক্ত করার ক্ষেত্রে নিজের ভূমিকার বর্ণনা দিয়ে বন্ধুর কাছে একখানি পত্র লেখ। ১০

অথবা,

খ) শিক্ষা সফরে যাওয়ার অনুমতি প্রার্থনা করে, মাদ্রাসার অধ্যক্ষ বরাবর একটি আবেদনপত্র লেখ।

৩। ক) সারাংশ লেখ: ১০

বাল্যকাল হইতে আমাদের শিক্ষার সহিত আনন্দ নাই। কেবল যাহা কিছু আছে নিতান্ত আবশ্যিক, তাহাই কর্তৃত্ব করিতেছি তেমনি করিয়া। কোনোমতে কাজ চলে মাত্র, কিন্তু মনের বিকাশ লাভ হয়না। হাওয়া খাইলে পেট ভরেনা, আহার করিলে পেট ভরে, কিন্তু আহারাদি রীতিমতো হজম করিবার জন্য হাওয়া আবশ্যিক। তেমনি একটি শিক্ষাপুস্তককে রীতিমতো হজম করিতে অনেকগুলি অবাধ্য পুস্তকের সাহায্য আবশ্যিক। ইহাতে আনন্দের সহিত পড়িতে পারিবার শক্তি অলক্ষিতভাবে বৃদ্ধি পাইতে থাকে। গ্রহণশক্তি, ধারণা শক্তি, চিন্তার শক্তি বেশ সহজে এবং স্বাভাবিক নিয়মে বললাভ করে।

অথবা, খ) সারমর্ম লেখ:

আসিতেছে শুভ দিন

দিনে দিনে বহু বাড়িয়াছে দেনা,

শুধিতে হইবে ঋণ।

হাতুড়ি শাবল গাঁইতি চালায়ে ভাঙিল যারা পাহাড়

পাহাড় কাটা সে পথের দুপাশে পড়িয়া যাদের হাড়,

তোমারে সেবিত হইল যাহারা মজুর মুটে ও কুলি,

তারাই মানুষে তারাই দেবতা

গাহি তাহাদেরি গান,

তাদেরই ব্যথিত বক্ষে পা ফেলে আসে নব উত্থান!

৪। ভাবসম্প্রসারণ কর: ১০

ক) গ্রন্থগত বিদ্যা, পরহস্তে ধন

নহে বিদ্যা নহে ধন, হলে প্রয়োজন।

অথবা,

খ) যেখানে দেখিবে ছাই

উড়াইয়া দেখ তাই

পাইলেও পাইতে পার অমূল্য রতন।

৫। ক) দ্রব্যমূল্যের উর্ধ্বগতি রোধকল্পে জনমত তৈরি করার জন্য সংবাদপত্রে প্রকাশের জন্য একটি প্রতিবেদন রচনা কর। ১০

অথবা,

খ) আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন উপলক্ষ্যে তোমার মাদ্রাসায় আয়োজিত অনুষ্ঠানের উপর একটি প্রতিবেদন রচনা কর।

৬। প্রবন্ধ রচনা কর (যে কোনো একটি) ২০

ক) দেশ গঠনে ছাত্র সমাজের ভূমিকা

খ) বাংলাদেশের মুক্তিযুদ্ধ

গ) তোমার জীবনের লক্ষ্য

ঘ) চরিত্র

তামীরুল মিল্লাত কামিল মাদ্রাসা, ঢাকা

অর্ধ বার্ষিক অনলাইন পরীক্ষা-২০২০

শ্রেণি : নবম বিষয় : বাংলা দ্বিতীয় পত্র (বহুনির্বাচনী)

সময় : ৩০ মিনিট

বিষয় কোড: ১৩৫

পূর্ণমান : ৩০

- ১। নিত্য স্ত্রী বাচক শব্দ কোনটি?
ক) সৎমা খ) অভাগী গ) হুজুরাইন ঘ) চৌধুরানি
- ২। বিভক্তিহীন নাম শব্দকে কী বলে?
ক) প্রাতিপদিক খ) সাধিত শব্দ গ) পারিভাষিক শব্দ ঘ) দেশী শব্দ
- ৩। ভাষার মূল উপাদান কী?
ক) বাক্য খ) শব্দ গ) ধ্বনি ঘ) বর্ণ
- ৪। কোনগুলো কণ্ঠ ধ্বনি?
ক) ক, খ, গ, ঘ, ঙ খ) চ, ছ, জ, ঝ, ঞ
গ) উ, ঊ, ড, ঢ, ণ ঘ) ত, ড, দ, ধ, ন
- ৫। বাংলা বর্ণমালায় যৌগিক স্বরজ্ঞাপক বর্ণ কি কি?
ক) এ এবং ঐ খ) ও এবং ঔ গ) ঐ এবং ঔ ঘ) অ এবং ই
- ৬। রিকশ > রিশকা- কীসের উদাহরণ?
ক) ব্যঞ্জে বিকৃতি খ) ধ্বনি বিপর্যয় গ) বিষমী ভবন ঘ) বিপ্রকর্ষ
- ৭। কম্পনজাত ধ্বনি কোনটি?
ক) র খ) চ গ) ছ ঘ) ল
- ৮। বাংলা বর্ণমালায় মাত্রাহীন বর্ণ কয়টি?
ক) ৭টি খ) ৮টি গ) ১০টি ঘ) ৩২টি
- ৯। কোন দুটি ঘোষ মহাপ্রাণ ধ্বনি?
ক) ক, চ খ) খ, ছ গ) গ, জ ঘ) ঘ, ঝ
- ১০। য, র, ল, ব-এ চারটি বর্ণকে বলে-?
ক) স্পর্শ বর্ণ খ) উষ্ম বর্ণ গ) অন্তঃস্থ বর্ণ ঘ) তালব্য বর্ণ
- ১১। ঝ, র, ষ-এর পর কী হয়?
ক) ন, ষ, খ) ন, স গ) ণ, ষ ঘ) সবগুলো
- ১২। কোন জাতীয় শব্দের বানানে ণ ব্যবহৃত হয়?
ক) তদ্ভব খ) তৎসম গ) অর্ধতৎসম ঘ) বিদেশী
- ১৩। নিচের কোনটি নিপাতনে সিদ্ধ সন্ধির উদাহরণ?
ক) পবন খ) পরিচ্ছদ গ) উদ্ভীন ঘ) গবাক্ষ
- ১৪। 'মনীষা' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক) মন + ইশা খ) মন + ঈষা গ) মনস + ঈষা ঘ) মনস + ইশা

- ১৫। ব্যাসবাক্যের অপর নাম কী?
ক) বিগ্রহবাক্য খ) সমাস বাক্য গ) সরল বাক্য ঘ) (ক+খ) উভয়ই
- ১৬। নাটিকাতে কী অর্থে স্ত্রী প্রত্যয় যুক্ত হয়েছে?
ক) বৃহদার্থে খ) ক্ষুদ্রার্থে গ) বিশেষ অর্থে ঘ) মধ্য অর্থে
- ১৭। 'কুলি' শব্দের স্ত্রীবাচক শব্দ কোনটি?
ক) কুলী খ) কুলিমা গ) কামিন ঘ) কুলিনী
- ১৮। 'মোড়শ' এর সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক) মোট + দশ খ) মোড় + দশ গ) ঘট + দশ ঘ) ঘড় + দশ
- ১৯। সামান্য অর্থে দ্বিরুক্ত হয়েছে কোনটি?
ক) জ্বর জ্বর খ) শীত শীত গ) রাশি রাশি ঘ) ধামা ধামা
- ২০। নিচের কোন দ্বিরুক্তিতে আধিক্য বোঝায়?
ক) ছেলোটিকে চোখে চোখে রেখো খ) লোকটি হারে হাড়ে শয়তান
গ) থেকে থেকে শিশুটি কাঁদছে ঘ) উপরের সবগুলো
- ২১। সংখ্যা বাচক শব্দ কয় প্রকার?
ক) ২ প্রকার খ) ৩ প্রকার গ) ৪ প্রকার ঘ) ৫ প্রকার
- ২২। নিচের কোনটি ক্রমবাচক সংখ্যা?
ক) নিরানব্বই খ) দেসরা গ) পনেরোই ঘ) দ্বাদশ
- ২৩। সংখ্যা গণনার মূল একক কী?
ক) দশ খ) এক
গ) এক এবং শূন্য ঘ) এক থেকে নয় পর্যন্ত
- ২৪। পর্বত শব্দের বহুবচন-
ক) পর্বতসমূহ খ) পর্বতগুচ্ছ গ) পর্বতপুঞ্জ ঘ) পর্বতমালা
- ২৫। কোনটি এক বচনের উদাহরণ?
ক) মানুষ মরণশীল খ) শিক্ষক ছাত্রকে পড়াচ্ছেন
গ) লোকে বলে ঘ) বনে বাঘ থাকে
- ২৬। 'এক' শব্দের সঙ্গে টি, টা যুক্ত হলে কী?
ক) নির্দিষ্টতা খ) অনির্দিষ্টতা গ) নিরর্থকতা ঘ) বিশেষ
- ২৭। উপশহর কোন সমাসের উদাহরণ?
ক) অব্যয়ীভাব খ) বহুব্রীহি গ) প্রাদি ঘ) নিত্য
- ২৮। চিরসুখী এর ব্যাসবাক্য কোনটি-
ক) চিরসুখী খ) চিরদিনের সুখী
গ) চিরকালের সুখী ঘ) চিরকাল ব্যাপীয়া সুখী
- ২৯। বাংলা ব্যাকরণের প্রধান আলোচ্য বিষয় কয়টি?
ক) ২টি খ) ৩টি গ) ৪টি ঘ) ৫টি
- ৩০। সমাস নিম্নলিখিত পদটির নাম কী?
ক) সমস্যমান পদ খ) সমস্তপদ গ) উত্তরপদ ঘ) পূর্ব পদ